

স্কিমের নাম:

“১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃঅর্থায়ন স্কিম।”

ঋণের পরিধি :

- ❖ আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় এ স্কিমের অধীনে ঋণ সুবিধা গ্রহণকারী সকল গ্রাহকই হবে বিদ্যমান ১০/৫০/১০০ টাকার হিসাবধারী। অত্র স্কিমের আওতায় ঋণ সুবিধা প্রাপ্তির জন্য নতুন গ্রাহকদের আবশ্যিকভাবে ১০/৫০/১০০ টাকা (প্রযোজ্য ক্ষেত্রে) জমাদানপূর্বক ব্যাংক হিসাব খুলতে হবে।
- ❖ পাড়া/ মহল্লা/ গ্রাম ভিত্তিক ক্ষুদ্র/ অতিক্ষুদ্র (Small/Micro) উদ্যোক্তা ও পেশাজীবী এবং যে কোন ধরনের আয় উৎসারী কর্মকাণ্ডে জড়িত ব্যক্তি এ ঋণ সুবিধার আওতাভুক্ত হিসেবে বিবেচিত হবেন।
- ❖ যে কোন দুর্ঘোণে (প্রাকৃতিক ও মানবসৃষ্ট) ক্ষতিগ্রস্ত (যেমন: নদীভাঙ্গন, জলোচ্ছ্বাস, ঘূর্ণিঝড়, বন্যা, খরা, মঙ্গা, অগ্নিকাণ্ড, ভূমিকম্প, ভবনধ্বংস, কোভিড-১৯ এর ন্যায় অতিমারী ইত্যাদি) প্রান্তিক/ভূমিহীন কৃষক, ক্ষুদ্র ব্যবসায়ী, নিম্ন আয়ের পেশাজীবী, এবং চর ও হাওর এলাকায় বসবাসকারী স্বল্প আয়ের জনগোষ্ঠী অগ্রাধিকার ভিত্তিতে এ ঋণ সুবিধা পাবে;
- ❖ বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তি ও মহিলা উদ্যোক্তাগণ যে কোন ধরনের আয় উৎসারী কর্মকাণ্ডে অগ্রাধিকার ভিত্তিতে এ ঋণ সুবিধা পাবে এবং
- ❖ স্কুল ব্যাংকিং কার্যক্রমের মাধ্যমে আর্থিক অন্তর্ভুক্তি বৃদ্ধির পাশাপাশি মানব সম্পদ উন্নয়ন ও কর্মসংস্থান সৃষ্টি।

ঋণের খাতঃ

যে কোন আয় উৎসারী কর্মকাণ্ড।

ঋণসীমা :

- ❖ এ স্কিমের আওতায় গ্রাহকের প্রয়োজনীয়তা যাচাই সাপেক্ষে একক গ্রাহককে সর্বোচ্চ ৫ লক্ষ টাকা পর্যন্ত ঋণ সুবিধা প্রদানযোগ্য।

- ❖ গ্রুপ ঋণের ক্ষেত্রে ২-৫ সদস্যের সমন্বয়ে গঠিত গ্রুপকে সদস্য প্রতি সর্বোচ্চ ৪ লক্ষ টাকা করে গ্রুপ প্রতি সর্বোচ্চ ২০ লক্ষ টাকা ঋণ প্রদানযোগ্য এবং
- ❖ গ্রুপ ঋণ পরিশোধের ক্ষেত্রে গ্রুপের সকল সদস্যই ব্যক্তিগত ও যৌথভাবে ব্যাংকের নিকট দায়বদ্ধ থাকবে।

সুদ/মুনাফার হার :

- ❖ ব্যাংক কর্তৃক গ্রাহক পর্যায়ে প্রদত্ত ঋণ/বিনিয়োগের বিপরীতে সুদ/মুনাফার হার হবে বার্ষিক সর্বোচ্চ ৭%।
- ❖ গ্রাহকের ঋণ/বিনিয়োগের ক্রম-হাসমান স্থিতির উপর সুদ/মুনাফা আরোপিত হবে।

জামানত :

এ স্কিমের আওতায় ঋণ প্রদানের ক্ষেত্রে নিরাপত্তা জামানতের প্রয়োজনীয়তা নেই। তবে, প্রত্যেক ঋণ গ্রহীতার ঋণের বিপরীতে ঋণ গ্রহীতাসহ অনধিক দুইজনের ব্যক্তিগত গ্যারান্টি প্রয়োজন।

ঋণের মেয়াদ, গ্রেস পিরিয়ড ও পরিশোধ সূচি :

- ❖ গ্রেস পিরিয়ড ব্যতিরেকে ঋণের মেয়াদ সর্বোচ্চ ৩ বছর। গ্রেস পিরিয়ড সর্বোচ্চ ৬ মাস।
- ❖ গ্রেস পিরিয়ড বাদে মাসিক/ত্রৈমাসিক/ষান্মাসিক (প্রযোজ্য ক্ষেত্রে) কিস্তিতে সুদ/মুনাফাসহ আসল পরিশোধযোগ্য।